



তাঁবির তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ

৫০ বছর

ইউসুফ ইকতেবার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও লাইব্রেরি ব্যবস্থাপনা বিভাগে ৩১ ডিসেম্বর অতিক্রম করল অর্ধশতাব্দী। ছাত্রের মেধা বিকাশের জন্য চাই বই। আর বই সংরক্ষণ করতে প্রয়োজন আধুনিক লাইব্রেরি বা ডিজিটাল লাইব্রেরি। এই চিন্তাধারায় ৫০ বছর আগে প্রতিষ্ঠা করা হয়েছিল ডিপার্টমেন্টটি। সময়ের পরিবর্তনে পরিবর্তন করা হয়েছে ডিপার্টমেন্টের নাম। বিবর্তন করেছে পরোনাকে উত্তরান করেছে নয়া কলারকৌশল। ঢাকা বিশ্ববিদ্যালয়ের এই বিভাগের ৫০ বছর পূর্তি উপলক্ষে বর্ণাঢ্য অনুষ্ঠানমালায় দেখা গেল শিক্ষার্থীরা উৎসাহ ভগ্নিতে দিবসটি উদ্‌যাপন করছেন। প্রথম বর্ষের শিক্ষার্থী ভেরিন বলছেন, ভর্তি হতে না হতেই এ ধরনের একটি আয়োজনে অংশ নিতে পেরে ভালো লাগছে। মাস্টার্সের ছাত্র আহিফের খুশি হওয়ার কারণ একই। তিনি বিদায় নেওয়ার আগেই এ ধরনের একটি আয়োজন তাকে অনন্য এক পৌরষের অংশীদার করেছে। বিভাগের সুকর্মেত্রী উপলক্ষে দু'দিনব্যাপী অনুষ্ঠানমালায় প্রথম দিনের সেমিনারে ডেপুটি স্পিকার কর্নেল (অব.) শওকত আলী বলেন, এমালগাম লাইব্রেরি ২৪ ঘণ্টা খোলা রাখা সম্ভব হয়

না। এতে প্রবেশাধিকারও থাকে সীমিত কিছু মানুষের। তাই জ্ঞানকে সর্বজনের হাণ্ডলের মধ্যে আনতে লাইব্রেরির ডিজিটাইজেশন প্রয়োজন। সরকার লাইব্রেরির ডিজিটাইজেশন প্রয়োজনীয় পদক্ষেপ নিতে যাচ্ছে। সংসদ লাইব্রেরি ডিজিটাইজেশনের মাধ্যমে এ প্রক্রিয়া শুরু হবে। তাঁবির কলা অনুষ্ঠানের ডিন অধ্যাপক সদরুল আমিনের সভাপতিত্বে সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. কামাল আবদুল নাসের চৌধুরী। আশোচনায় অংশ নেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাবেক ডিনি অধ্যাপক ড. দুর্গাদাস ভট্টাচার্য। অনুষ্ঠানের দ্বিতীয় দিনে বর্ণাঢ্য রাশি অপরাজেয় বাংলা থেকে ডিপার্টমেন্টে গিয়ে শেষ হয়। তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্যতম একটি বিভাগ। প্রতিবছর ৭০ জন ছাত্রছাত্রী এ ডিপার্টমেন্টে ভর্তি হওয়ার সুযোগ পায়। চেয়ারম্যান সালমা চৌধুরী জানাশেন, সময়ের সঙ্গে তাল মিলিয়ে পরিবর্তিত হচ্ছে বিভাগের সিলেবাস ও বিভিন্ন কার্যক্রম। প্রতিষ্ঠা করা হয়েছে আধুনিক সেমিনার লাইব্রেরি। এ ছাড়াও রয়েছে ইস্টারনেটভিত্তিক কম্পিউটার শ্যাব। বিভাগটির উন্নতির জন্য সব ধরনের কার্যক্রম হাতে নেয়া হয়েছে। তবে ছাত্রদেরও বর্তমান সময়ের সঙ্গে নিয়োজিত তৈরি করে নিতে হবে বলে মন্তব্য করেন তিনি। তবে ছাত্রদের অনেকে বলছেন ভবিষ্যতের কঠিন চ্যালেঞ্জের কথা। বিভাগের ছাত্র তাঁবিরের ক্ষেত্রে বর্তমান বিশ্বে টিকে থাকার জন্য প্রয়োজন আধুনিক যোগাযোগ পদ্ধতি। আমাদের কম্পিউটার শ্যাবে যে কম্পিউটার আছে তা পর্যাপ্ত নয়। যে কম্পিউটার আছে তাও নষ্ট। অনেকে বলেছেন, সেমিনার লাইব্রেরি বড় করতে হবে, বাড়তে হবে বইয়ের জোগান। তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ সব ক্ষেত্রে এগিয়ে যাক এটাই চান শিক্ষার্থীরা।